

ডাকসু ও হল সংসদের চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ, বাদ পড়ল ১৫৭ জন

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ

নির্বাচনের চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে। খসড়া

ভোটার তালিকা থেকে চূড়ান্ত ভোটার তালিকায় বাদ পড়েছে ১৫৭

জন।

সোমবার (১১ আগস্ট) রাতে বিশ্ববিদ্যালয়ের পাঠানো এক প্রেস

বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়, খসড়া ভোটার তালিকার আপত্তিসমূহ নিষ্পত্তি

কমিটির সুপারিশ এবং উপাচার্যের অনুমোদনক্রমে চূড়ান্ত ভোটার

তালিকা প্রকাশ করা হয়।

চূড়ান্ত তালিকা অনুযায়ী মোট ভোটার সংখ্যা হলো ৩৯ হাজার ৭

শ ৭৫ জন। ভোটার তালিকা সব হলের নোটিশ বোর্ড এবং

ducu.du.ac.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

চূড়ান্ত ভোটার তালিকা অনুযায়ী এবারের ডাকসু ও হল সংসদ
নির্বাচনে মোট ভোটার ৩৯ হাজার ৭৭৫ জন। এরমধ্যে ছাত্র
ভোটার ২০ হাজার ৮৭৩ জন ও ছাত্রী ভোটার ১৮ হাজার ৯০২
জন।

মোট ভোটারের ৪৭.৫২ শতাংশ ছাত্রী আর ৫২.৪৮ শতাংশ
ভোটার ছাত্র।

ছাত্রী ভোটারদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের রোকেয়া হলে ভোটার ৫
হাজার ৬৪১ জন, শানসুন নাহার হলে ৪ হাজার ৮৪ জন,
বাংলাদেশ কুয়েত মৈত্রী হলে ২ হাজার ১০৩ জন, কবি সুফিয়া
কামাল হলে ৪ হাজার ৪৩৪ জন ও ফজিলাতুমেছা মুজিব হলে ২
হাজার ৬৪০ জন।

ছাত্র ভোটারদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের অমর একুশে হলে ১২৯৫
জন, কবি জসীমউদ্দিন হলে ১৩০৩ জন, জগন্নাথ হলে ২২২২
জন, শেখ মুজিবুর রহমান হলে ১৬০৬ জন, ড. মুহাম্মদ শহীদুল্লাহ
হলে ১৯৯৮ জন, ফজলুল হক মুসলিম হলে ১ হাজার ৭৬২ জন,
বিজয় একাত্তর হলে ২ হাজার ২৭ জন, মুক্তিযোদ্ধা জিয়াউর
রহমান হলে ১ হাজার ৭৫১ জন, শহীদ সার্জেন্ট জন্থর্কল হক হলে
১ হাজার ৯৫৭ জন, সলিমুল্লাহ মুসলিম হলে ৬ শ ৬৪ জন,
মাস্টারদা সুর্যসেন হলে ১ হাজার ৪৯৯ জন, স্যার এ এফ রহমান
হলে ১ হাজার ৩৭৭ জন, হাজী মুহাম্মদ মুহসীন হলে ১ হাজার
৪০২ জন।

উল্লেখ্য, গত ৩০ জুনাই খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হয়।

খসড়া ভোটার তালিকায় ভোটার ছিল ৩৯ হাজার ৯ শ ৩২ জন।

অন্য এক প্রেস বিজ্ঞপ্তিতে নির্বাচন কমিশন থেকে জানানো হয়েছে,

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ

নির্বাচন ২০২৫-এর চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের পরও

তালিকায় বহিস্থিত ও মামলায় অভিযুক্ত কোনো শিক্ষার্থীর নাম

অন্তর্ভুক্ত থাকলে উপযুক্ত তথ্য-প্রমাণ পাওয়া সাপেক্ষে তার নাম

ভোটার তালিকা থেকে বাদ দেওয়া হবে।